টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮-শে মাঘ বুধবার, ১৩৭৬ ইং 11th Feb. 1970 | ৩৬শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলো ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• অল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

দীর্ঘকালীন দুরারোগ্য ও জটিল
ব্যাধিগ্রস্তেরা হতাশ হইবেন না। বিশেষ
যত্নের সহিত চিকিৎসা করা হয়। সাক্ষাৎ করুন।
ডাঃ তপোময় চৌধুরী, এম-এ
রেজিষ্টার্ড হোমিওপ্যাথ
নীলরতন কলোনী, রঘুনাথগঞ্জ।



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44

চোর লুটে রাতে আমি লুটি দিনে,
মোর চেয়ে ভাল সিঁদেল চোর
স্বাস্থ্য সারল্য ফিরে দে আমার
বিদ্যা ফিরে নে জননী তোর।

—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৮শে মাঘ বুধবার সন ১৩৭৬ সাল।

## ॥ আর কতদূর ? ॥

পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকারের উপর যে অভিশাপ নামিয়া আসিয়াছে, তাহা বিগত কয়েক-দিনের সংবাদপত্র পড়িলেই জানা যায়। অবশ্য যুক্তফ্রন্ট কার্যতঃ বিযুক্তির যে ভূমিকা লইয়া চলিতে-ছিলেন তাহা কাহারও অবিদিত নাই। আমরাও এই সম্বন্ধে আগে লিখিয়াছি। তাহার সঙ্গে ইহাও আশা করিয়াছিলাম যে, রাজ্যের মধ্যে যে দুর্দিন চলিতেছে, তাহার পরিপ্রেক্ষিতে ক্ষমতাসীন দলগুলি ঐক্য বজায় রাখিয়া কাজ করিয়া যাইবেন। কিন্তু যাহা হইবার নয়, তাহার আশা করা বাতুলতা মাত্র।

ইহা উল্লেখের অপেক্ষা রাখে না যে, বাংলা-কংগ্রেস এবং মার্কসবাদী কমিউনিষ্ট দলের মধ্যে কোন্দল অত্যন্ত তীব্র এবং উভয় দলেই অপরাপর দলগুলি স্ব স্ব রুচি ও মতবাদ বিধায় যোগ দিয়াছেন। এখন অবস্থা এমন হইয়া উঠিয়াছে যে বাংলা কংগ্রেস আর অপেক্ষা করিতে নারাজ। অবশ্য এই রাজ্যের রাজনৈতিক পরিস্থিতির কোন ভবিষ্যদ্বাণী করা সুকঠিন। প্রতিদিন কিছু না কিছু বৈচিত্র্য চোখে পড়িতেছে। 'গেল গেল' অবস্থা আবার টাল সামলাইয়া লইতেছে। সংবাদে জানা যায় যে, গত শনিবার বাংলা কংগ্রেস সেক্রেটারিয়েট কিছু অত্যন্ত গোপনীয় সিদ্ধান্ত লইয়াছিলেন। এখন নাকি ঐ সব সিদ্ধান্ত যত দ্রুত সম্ভব বাস্তবায়িত করিবার জন্য প্রস্তুতিপর্ব চলিতেছে। আমরা এই অতি গোপনীয় সিদ্ধান্ত-গুলি জানি না। হয়ত তাহা সি, পি, এমকে বাদ দিয়া সরকার গঠনের ব্যবস্থা, না হয়, রাষ্ট্রপতির হাতে শাসনভার তুলিয়া দেওয়া। ফলে ১৯৭২ এর পূর্বে আবার নির্বাচন যুদ্ধে নামা এবং তাহাতে কয়েক কোটি টাকার শ্রাদ্ধ করা—এ ছাড়া পথ নাই। সি, পি, এমকে বাদ দিয়া সরকার গঠন করিতে হইলে অন্যান্য দলগুলির সহযোগিতা না থাকিলে চলিবে না। সম্ভবতঃ বাংলা কংগ্রেস এই সুযোগ সৃষ্টির অপেক্ষায় আছেন। কিন্তু তাহাও খুব শান্তিকর হইবে বলিয়া মনে হয় না। সি, পি, এম ছাড়া আর সব কি ধোওয়া তুলসীপাতা ?

মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সহিত কিছু আলাপ আলোচনা করিয়াছেন বলিয়া সংবাদে প্রকাশ। আলোচ্য বিষয় আর যাহাই হোক না কেন, পশ্চিমবঙ্গের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি তাহার মধ্যে ছিল কিনা জানি না, তবে থাকা স্বাভাবিক। গত রবিবার মুখ্যমন্ত্রী নয়াদিল্লী গিয়াছেন ; তখনও কিছু কথাবার্ত্তা হওয়া বিচিত্র নয়। শ্রীমতী গান্ধী সি, পি, এমকে বাদ দিয়া সরকার গঠন করিবার পরামর্শ দিবেন কিনা জানি না। কারণ ইহাতে একটা ঝুঁকির প্রশ্ন থাকে। আমরা এখন অপেক্ষা করিয়া লক্ষ্য করিতেছি মাত্র। নব কংগ্রেস দলের সভাপতি শ্রীজগজীবন রাম তাঁহার সাম্প্রতিক কলিকাতা সফরকালে বিভিন্ন ব্যক্তিকে জানাইয়াছেন যে, পশ্চিমবঙ্গে যদি সি, পি, এমকে বাদ দিয়া সরকার গঠিত হয়, তবে নব কংগ্রেস তাহাতে যোগ দেবেন না, কিন্তু সমর্থন জানাইবেন।

রাজ্যের এই অবস্থা চলিতেছে। আমাদের এই প্রবন্ধ প্রকাশিত হওয়ার পূর্বে হঠাৎ কিছু ঘটিবে বলিয়া আমরা মনে করি না। কিন্তু নানা স্থানে এখনও মারামারি, পুলিশের গুলি ও কাঁদানে গ্যাস প্রয়োগ চলিতেছে—ইহাই মর্মান্তিক। বেলেঘাটা ও নারিকেলডাঙ্গা অঞ্চলে অশান্তির আগুন জ্বলিতেছে। কতদিনে এই সব দুর্গতির পরিসমাপ্তি ঘটিবে কে জানে ?

---

## সরস্বত্যৈ নমঃ

—অবনীকুমার রায়

সরস্বতী পূজো হ'য়ে গেল।

বিদ্যাদায়িনী ভগবতী ভারতী বাণীদেবীকে শ্রদ্ধার্ঘ নিবেদন করি। প্রার্থনা করি—মা, আমাদের কলুষ অপহরণ কর ; আমাদের জ্ঞান দাও, মনুষ্যত্ব দাও, আমাদের কলঙ্ক মোচন কর, আমাদের শুভবুদ্ধি দাও।

মা, তুমি আস্তে, এসেছো, আবার আস্বে। কালের পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে তোমার কতই না পরিবর্তন দেখ্ছি, মাতৃমূর্ত্তি থেকে সখীমূর্ত্তি, চিত্র-তারকামূর্ত্তি। পরিবর্তন তোমার, তোমার ছাত্র-সেবকদের।

আমরা, তোমার অধম সন্তানেরা, তোমার আরাধনা ক'রেছি ; প্রার্থনা ক'রেছি বিদ্যাদাও, মনুষ্যত্ব দাও। সে প্রার্থনায় ছিল কত নিষ্ঠা, কত ভক্তি, কত আন্তরিকতা।

দেখেছি প্রদীপের শিখায়, মোমের বাতিতে, গ্যাসের আলোয় তোমার ধ্যান-গম্ভীর মূর্ত্তি, তোমার অর্চ্চনা।

এখন দেখ্ছি ইলেকট্রিকের চোখ ধাঁধানো আলোতে, বার্ধক্যের ক্ষীণ দৃষ্টিতে। দেখ্ছি কত রঙের, কত ঢঙের কত প্রশেশন্, কত ব্যাণ্ড, কত নাচ্। আজ-কাল এ নাচ্কে নাকি ব'ল্ছে টুইষ্ট ড্যান্স। শিক্ষক দাঁড়িয়ে আছেন, ছাত্রমুখে সিগ্রেট গুজে নাচ্তে নাচ্তে চ'লেছে। টুইষ্ট ড্যান্স্

প্রতিদ্বন্দ্বিতা চ'ল্ছে দলে দলে, বিদ্যালয়ে বিদ্যালয়ে, পাড়ায় পাড়ায়,—কার প্রশেশন ভাল, কে প্রশেশনে কত খরচ ক'রেছে। পূজোর খরচ একান্ন টাকা ; অন্যান্য খরচ পাঁচ'শ একান্ন।

মা, তোমার যাঁরা সেবক তাঁরা সবাই তোমার বরপুত্র। তাঁদের বিরুদ্ধে আমাদের কোন অভিযোগ নাই। শুধু তাঁদের কাছে সবিনয় নিবেদন, তাঁরা তোমাকে যেন একটু বেশী ভক্তিশ্রদ্ধা করেন।

মা, তুমি আগে ছিলে গৃহবাসিনী, বর্ত্তমানে হ'য়েছ মাঠচারিণী হয় তো ভবিষ্যতে হবে বিমান-বিহারিণী। তা হও। তবু তুমি এসো জননীরূপে।

মা, নিভৃতে তোমার সাধনা যাঁরা করেন তাঁরা নমস্য। তবু যাঁরা আলোয় আলোয়, ঢাকের বাদ্যে,

মাইকের লারেলাপ্পা গানে তোমার প্রচার করেন তাদের অন্তরে আর একটু আলোকপাত কর। তাঁদের বিরুদ্ধে আমাদের কোন অভিযোগ নাই। শুধু নিবেদন, বিনা কারণে তাঁরা যেন গরীব গৃহস্থকে বিব্রত না করেন।

চাঁদা? হ্যাঁ দিতেই হবে। 'সবার পরশে পবিত্র করা' তুমি সবার চাঁদায় দলের শোভা বৰ্দ্ধন কর। তুমি ধন্যা।

মা, তুমি শ্বেতশুভ্রা। তবে তোমার রাজপথে আজ এত রক্ত কেন? ছাত্রে ছাত্রে হানাহানি কেন? দলে দলে মারামারি কেন?

মা, তোমার সেবকদের শুভবুদ্ধি দাও। স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ে যেন কোন অশান্তি না হয়, পরীক্ষাগুলো যেন ভালোয় ভালোয় শেষ হয়, মাষ্টার মশাইরা যেন কথায় কথায় ঘেরাও না হন।

মা, একদিন তোমার বরে দস্যু রত্নাকর মহাকবি বাল্মীকি হ'য়েছিলেন, মহামূর্খ কালিদাস মহাপণ্ডিত কালিদাস হ'য়েছিলেন। আমাদের সে সাধনা নাই। তবু প্রার্থনা করি আমাদের শুভবুদ্ধি দাও।

মা, তুমি কি বরাভয়দায়িনী? তবে বর দাও, 'ওঁম্ শান্তি, ওঁম্ শান্তি'; অভয় দাও, 'বিপদে কভু ডরাব না।'

আর মা, সর্বশেষে তোমার কাছে প্রার্থনা জানাই,—তুমি শ্বেতাম্বরা, তুমি ভগবতী ভারতী, তুমি সর্বশুক্লা সরস্বতী, আমাদের অন্তরকে পবিত্র কর, 'অসৎ হইতে আমাদিগকে সৎপথে লইয়া যাও, অন্ধকার হইতে আমাদিগকে আলোকের পথে লইয়া যাও।'

---

## পরলোকগমন

গত ২৭শে মাঘ মঙ্গলবার রঘুনাথগঞ্জের সঙ্গতিপন্ন গৃহস্থ স্বর্গীয় হরিহর ঘোষাল মহাশয়ের সহধর্ম্মিণী শিবরাণী দেবী মহাশয়া পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি চারি পুত্র, চারি পুত্রবধূ, পৌত্র-পৌত্রী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তিনি মিষ্টভাষিণী ও কোমল স্বভাবের লজ্জাশীলা আদর্শ মহিলা ছিলেন। তাঁহার শোক-সন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

# শিক্ষা-প্রতিষ্ঠান ও রাজনীতি

আজকাল অফিস-আদালতে, ক্ষেত-খামারে, স্বাস্থ্য-কেন্দ্রে, স্কুল-কলেজে সর্বত্র রাজনৈতিক হস্তক্ষেপজনিত অযথা জটিলতা বৃদ্ধি পাচ্ছে! রাজনীতির প্যাঁচে পড়ে ছাত্র-শিক্ষক-অভিভাবক সবাই কচকচানি শুরু করেছেন। ছাত্র-অভিভাবক আজকাল শিক্ষকদের বিশ্বাস করেন না, শিক্ষকরাও ছাত্র-অভিভাবকদের ভালবাসেন না, এড়িয়ে চলেন। মাঝখানে রাজনৈতিক নেতারা ফাটল বৃদ্ধি করেন। আসলে লেখা-পড়া অষ্টরম্ভা হয়। জঙ্গিপুর মহকুমার অনেক স্কুলেই আজকাল তীব্র মাত্রায় রাজনীতির উৎকট খেলা ও মার-প্যাঁচ চল্‌ছে। 'চল্‌ছে চল্‌বে'র যুগে শিক্ষা-প্রতিষ্ঠানে রাজনীতির প্যাঁক-প্যাঁকানি ছাত্র-শিক্ষক-অভিভাবক তথা সমাজের কল্যাণের পরিবর্তে অশ্বডিম্ব প্রসব করবে মাত্র।

---

## পিঠেপুলি

(গান)

(সু—মো দে)

লাল রুমালে লুটেছে ধান
এবার পিঠে নাই,
সারা বছর চলবে কিসে?
ভাবতে খাবি খাই॥
পিঠে খাব বছর পরে
দিন গুনেছি আশা করে,
ন্যায্য আশায় বাদ সেধেছে
বাড়া ভাতে ছাই।
লাল রুমালে লুটেছে ধান
এবার পিঠেনাই॥
লুটের ধানে উদর পূরণ
'শ্রেণী-সংগ্রাম' নেতার ভাষণ,
লাল রুমালের ঘরে ঘরে
পিঠের পাহাড় ভাই।
লাল রুমালে লুটেছে ধান
এবার পিঠে নাই।

---

## ফরাক্কায় মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ডাকে সভা ও মিছিল

—:০:—

গত ৩রা ফেব্রুয়ারী মঙ্গলবার ফরাক্কা শাখা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ডাকে এক জনসভা ও মিছিল হয়। সভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জেলা কৃষক সমিতির সম্পাদক কমরেড মধু বাগ। সভাপতিত্ব করেন জেসপের শ্রমিক নেতা এবং কৃষক সমিতির ফরাক্কা থানা কমিটির সহ-সভাপতি কমরেড পি, কে, সেন। থানা কৃষক সমিতির সম্পাদক কমরেড কে, পি, শর্মা বলেন—এই বছরে ফরাক্কা থানার প্রায় পাঁচ হাজার বিঘা ভেষ্ট জমি উদ্ধার হয়েছে এবং আরও ২ হাজার বিঘা উদ্ধার হওয়ার পথে। এই অধিকার রক্ষার জন্য ও তাকে আরো বাড়িয়ে নিয়ে যেতে জোতদার, জমিদারের চক্রান্ত ব্যর্থ করে আমাদের আরও দৃঢ়তার সাথে এগিয়ে যেতে হবে। কমরেড মধু বাগ বিশদভাবে বর্তমান রাজনৈতিক পরিস্থিতি ও জনগণের কর্তব্য সম্বন্ধে প্রায় ১ ঘণ্টা বক্তৃতা দেন। সভা শেষে প্রায় ২ হাজার কৃষক ও শ্রমিকের এক মিছিল ফরাক্কা বাঁধ শিল্পনগরী প্রদক্ষিণ করে ফরাক্কা থানা সম্মুখে জমায়েত হয়।

---

## সরস্বতী পূজা

—:০:—

অন্যান্য বৎসরের তুলনায় এবারে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরের পল্লীতে পল্লীতে ও অলিগলিতে মা সরস্বতীর প্রতিমা পূজার সংখ্যাধিক্য দেখা গিয়াছে। পল্লী অঞ্চলের বহু গ্রামে পূজা হইয়াছে। অধিকাংশ প্রতিষ্ঠানই সাধারণের নিকট চাঁদা সংগ্রহ করিয়া বাণী বন্দনা এবং খেয়াল খুশিমত প্রতিমা নিরঞ্জন করিয়াছেন ও করিতেছেন।

রঘুনাথগঞ্জ জঙ্গিপুরের কারিকরগণের তৈরী প্রতিমা ছাড়াও বহরমপুর, কৃষ্ণনগর ও কলিকাতা কুমারটুলি হইতে অনেকগুলি প্রতিমা স্থানীয় পূজা সমিতির উদ্যোক্তাগণ আনয়ন করিয়াছিলেন।

---

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম
কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১৬৬



## আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। তিন টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)